



জুলাই গণহত্যার বিচার দাবিতে আইন উপদেষ্টার প্রতীকী কফিন নিয়ে মিছিল



সংগৃহীত ছবি

জুলাই গণহত্যার বিচার প্রক্রিয়ায় স্থবিরতা এবং সংশ্লিষ্ট আইন উপদেষ্টার ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে বাংলাদেশ রিপাবলিক পার্টি। শনিবার (৫ জুলাই) বিকেলে দলটির নেতাকর্মীরা শাহবাগের জাতীয় জাদুঘরের সামনে থেকে প্রতীকী কফিনসহ মিছিল বের করে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত পদযাত্রা করে।

মিছিলে অংশ নিয়ে নেতারা জানান, এক বছর পেরিয়ে গেলেও জুলাই মাসে সংঘটিত হত্যাকাণ্ডের বিচার কার্যক্রমে সন্তোষজনক কোনো অগ্রগতি নেই। তারা অভিযোগ করেন, গত বছরের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের সময় উপদেষ্টারা আওয়ামী লীগের বিচারের দাবিতে যে কঠোর ভূমিকা নিয়েছিলেন, সময় গড়ানোর সাথে সাথে সেই অবস্থান এখন অনেকটাই নিষ্ক্রিয় হয়ে পড়েছে।

বঙ্গারা সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলেন, বিচার না করে নির্বাচনের পথে এগোনো হলে তা জনআকাজ্জার পরিপন্থী হবে। পাশাপাশি হুঁশিয়ারি উচ্চারণ করে জানান, চলতি মাসের মধ্যেই যদি 'জুলাই ঘোষণাপত্র' প্রকাশ না করা হয়, তাহলে দলটি কঠোর কর্মসূচি ঘোষণা করবে।

এই কর্মসূচিকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে আবারও আলোচনার ঝড় ওঠার ইঙ্গিত মিলছে।